

বিজ্ঞপ্তি

তারিখ: ০৮.০৯.২০২২

এতদ্বারা মাথাভাঙ্গা কলেজের ২০২২-২৩ শিক্ষাবর্ষের প্রথম সেমেস্টারে ভর্তি হওয়া সকল ছাত্র/ছাত্রীদের উদ্দেশ্যে বলা হচ্ছে যে, নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী ডকুমেন্ট ভেরিফিকেশন করা হবে। অতি অবশ্যই উক্ত দিনে শিক্ষার্থীকে উপস্থিত থেকে নীচে দেওয়া সময়সূচী ও তালিকা অনুযায়ী প্রয়োজনীয় ORIGINAL এবং XEROX COPY নিয়ে আসতে হবে। মূল নথি যাচাইকরণের সময় যদি কোনো প্রকার অসঙ্গতি পাওয়া যায় তবে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তি বাতিল করে, ভর্তি ফি বাজেয়াপ্ত করা হবে।

ডকুমেন্ট ভেরিফিকেশনের সময়সূচী

কোর্সের নাম	তারিখ	সময়
HONOURS (B.A/B.Sc/B.Com)	19.09.2022 to 21.09.2022	সকাল ১১.৩০ - বিকেল ৪টা
PROGRAM(GENERAL) (B.A/B.Sc/B.Com)	22.09.2022 to 24.09.2022	সকাল ১১.৩০ - বিকেল ৪টা

কলেজের নোটিশ বোর্ডে ডকুমেন্ট ভেরিফিকেশনের জন্য রুম নম্বর দেওয়া থাকবে। শিক্ষার্থীকে তা দেখে নির্দিষ্ট ভেরিফিকেশন রুমে চলে যেতে হবে।

ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় প্রয়োজনীয় নথির তালিকা :

মূল নথি যাচাইয়ের সময় (At the time of Verification) সঙ্গে নিম্নলিখিত Original Documents-গুলি দেখাতে হবে।

- ১) যথাযথভাবে পূরণ করা আবেদনপত্রের(Application form) এর মুদ্রিত কপি।
- ২) ভর্তির টাকা জমা দেওয়ার রসিদের Applicant এবং College copy। অনার্স থেকে অনার্স বা প্রোগ্রাম থেকে অনার্স কোর্সে পরিবর্তন হলে দুটো Subject - এর পেমেন্ট রিসিট।
- ৩) H.S বা সমতুল্য পরীক্ষার মার্কসীট।
- ৪) মাধ্যমিক অ্যাডমিট কার্ড/সার্টিফিকেট (বয়সের প্রমাণ হিসেবে)।

৫) (যদি থাকে)ছাত্রের নিজস্ব জাতিগত শংসাপত্র / পি.এইচ সার্টিফিকেট(Caste / PH Certificate)। সরকারী নিয়ম অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে নেওয়া শংসাপত্রই গ্রহণযোগ্য হবে।

৬) যদি কোনো ছাত্র/ছাত্রী ইতিমধ্যেই অন্য কলেজে ভর্তি হয়ে থাকে। বর্তমানে এই কলেজে পড়তে চাইলে প্রার্থীকে নথি যাচাইয়ের সময় উক্ত কলেজের বাতিলের শংসাপত্র(Cancellation Certificate) জমা দিতে হবে।


মূল নথি যাচাইয়ের সময় নিম্নলিখিত স্ব-প্রত্যয়িত(Self Attested) প্রতিলিপি(Xerox) জমা দিতে হবে -

১. H.S বা সমতুল্য পরীক্ষার মার্কশীট(উভয় পাশে)।


২. মাধ্যমিক অ্যাডমিট কার্ড/সার্টিফিকেট (বয়সের প্রমাণ হিসেবে)।

৩. সরকারী নিয়ম অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে নেওয়া ছাত্রের নিজস্ব জাতিগত শংসাপত্র/ পি.এইচ সার্টিফিকেট(Caste / PH Certificate)।

*** মূল নথি যাচাইকরণের সময় যদি কোনো প্রকার অসঙ্গতি পাওয়া যায় তবে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তি বাতিল করে, ভর্তি ফি বাজেয়াপ্ত করা হবে।**



Sri Sanjit Barman
Convenor, Admission Committee
Mathabhanga College



Dr. Fulchan Barman
Teacher-in-Charge
Mathabhanga College
Teacher-in-Charge
Mathabhanga College
Mathabhanga, Cooch-Behar
West Bengal · 736146